
দৈনিক ইনকিলাব

তারিখ FEB. 24 1999
পৃষ্ঠা ৩ কলাম ২

126



## সাদেক উল্লাহ্ জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষকের স্বর্ণপদক পুরস্কার পেয়েছেন

**প্রেস বিজ্ঞপ্তি** : ঢাকা সরকারী আলিয়া মাদ্রাসার সিনিয়র সহকারী অধ্যাপক বর্তমান ভারপ্রাপ্ত হেড মাওলানা এ,বি,এম সাদেক উল্লাহ ১৯৯৮ সালে জাতীয় পর্যায়ের শ্রেষ্ঠ শিক্ষক হিসেবে স্বর্ণপদক লাভ করেছেন। জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয় আয়োজিত এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই পুরস্কার বিতরণ করেন।

জনাব সাদেক উল্লাহ'র গ্রামের বাড়ী চাঁদপুর জেলার কচুয়া থানার ডুমরিয়ায়। তিনি ১৯৬২ সালে ঢাকার সরকারী মাদ্রাসা-ই-আলিয়া হতে কামিল ফিক্হ বিভাগে ১ম শ্রেণীতে প্রথম এবং পরের বছর কামিল হাদীস পরীক্ষায় ১ম শ্রেণীতে উত্তীর্ণ হন।

তিনি প্রথমে কুমিল্লা চকবাজার আলিয়া মাদ্রাসায় মোহাদ্দেস হিসেবে তাঁর শিক্ষাজীবন শুরু করেন। পরে ১৯৬৬ সালে সিলেট আলিয়া মাদ্রাসায় ১৫ বছরের শিক্ষকতা জীবন শেষে ১৯৮০ সালে বর্তমান কর্মস্থল ঢাকা আলিয়া মাদ্রাসায় যোগ দেন।